অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অবৈধ খুচরা দোকানগুলো বন্ধ করার জন্য পদক্ষেপ ঘোষণা করতে বৈধ খুচরা গাঁজা বিক্রেতাদের সাথে একমত হয়েছেন

অবৈধ গাঁজার কার্যক্রম বন্ধ করার প্রচেষ্টা নিউ ইয়র্কের ক্রমবর্ধমান শিল্পকে সমর্থন করবে এবং বৈধ, স্থিতিশীল বাজারকে উপকৃত করবে

লাইসেন্স ছাড়াই গাঁজা বিক্রি, দোকান বন্ধ করার জন্য প্রস্তাব গাঁজা ব্যবস্থাপনা অফিস ও স্থানীয় সরকার সংস্থাগুলোর কর্তৃত্বকে বিস্তৃত করে

গভর্নর হোকল অনলাইন প্ল্যাটফর্মে অবৈধ দোকানগুলোকে নিজেদের প্রচারের অনুমতি দেওয়া বন্ধ করার জন্য প্রযুক্তি কোম্পানিগুলোকে আহ্বান জানিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ শর্তসাপেক্ষ প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের খুচরা ডিসপেনসারি (Conditional Adult-Use Retail Dispensary, CAURD) লাইসেন্সধারী সহ নিউ ইয়র্কের বৈধ গাঁজার খুচরা বিক্রেতাদের প্রতিনিধিদের সাথে অবৈধ গাঁজার বাজার বন্ধ করার জন্য স্টেটের পদক্ষেপের ঘোষণা দেওয়ার জন্য যোগ দিয়েছিলেন। লাইসেন্সবিহীন গাঁজার ব্যবসা প্রতিষ্ঠানগুলো প্রায় অপরীক্ষিত পণ্য বিক্রি করে এবং কমিউনিটিগুলোতে ঝামেলা তৈরি করে স্টেট জুড়ে তাদের ব্যবসা প্রতিষ্ঠান চালু করা এবং পরিচালনা করা অব্যাহত রেখেছে। তারপরেও, এই দোকানগুলো নিউ ইয়র্কের বৈধ ব্যবসার অগ্রগতি এবং সেখানে পরিচালিত খুচরা বিক্রেতাদের বাধাগ্রস্থ করেছে।

"স্টেট জুড়ে দোকান চালু রাখা এবং পরিচালনা করা অব্যাহত রেখেছে এমন অবৈধ গাঁজার দোকানগুলো বন্ধ করার জন্য নিউ ইয়র্ককে অবশ্যই পদক্ষেপ নিতে হবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের ন্যায়সঙ্গত গাঁজা শিল্পকে শক্তিশালী করা এবং বৈধ বাজারে পরিচালিত কঠোর পরিশ্রমী ক্ষুদ্র ব্যবসার মালিকদের রক্ষা করা শীর্ষ অগ্রাধিকার এবং এই লক্ষ্যগুলো অর্জনের সর্বোত্তম উপায় হলো লাইসেন্সবিহীন দোকানগুলোকে দ্রুত বন্ধ করে দেওয়া।"

গভর্নর হোকলের নির্বাহী বাজেটে গাঁজা ব্যবস্থাপনা অফিস (Office of Cannabis Management, OCM) এবং স্থানীয় সরকার এজেন্সিগুলোর কর্তৃত্বকে লাইসেন্স ছাড়াই গাঁজা বিক্রির দোকানগুলোতে তালা দেওয়ার পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রস্তাবটি প্রয়োগকারী কর্তৃপক্ষকে শক্তিশালী করবে, লাইসেন্সবিহীন দোকানগুলো দ্রুত বন্ধ করবে এবং অবৈধ কার্যক্রম রোধ করবে। পরিকল্পনাটি:

- অবৈধ দোকানগুলোতে তালা লাগানোকে সহজতর করতে OCM এর ক্ষমতাকে বৃদ্ধি করে।
- লাইসেন্সবিহীন ডিসপেনসারি বন্ধ করার জন্য দ্রুত পদক্ষেপ নিশ্চিত করতে স্থানীয় সরকারকে OCM প্যাডলক আদেশ কার্যকর করার অনুমোদন দেয়।
- নিউ ইয়র্ক সিটি সহ স্থানীয় সরকারগণকে তাদের নিজস্ব আইন ও রিসোর্সগুলোর মাধ্যমে লাইসেন্সবিহীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তালাবদ্ধ করতে সহায়তা এবং ক্ষমতায়নের জন্য লাইসেন্সপ্রাপ্ত গাঁজা ব্যবসার স্থানীয় রেজিস্ট্রিগুলো স্থাপন করে।

গভর্নর হোকল স্টেটের CAURD কর্মসূচির বেশ কয়েকজন সদস্যের সাথে যোগ দিয়েছিলেন যারা অবৈধ গাঁজা অপারেটরদের বন্ধ করার জরুরি প্রয়োজনীয়তা প্রকাশ করেছিলেন। CAURD লাইসেন্সধারীগণ নিউ ইয়র্ক স্টেটে আইনী প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের গাঁজা বিক্রয়ের জন্য চালু করা প্রথম ডিসপেনসারি ছিল, যা নিউ ইয়র্কের প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের গাঁজার বাজারের ভিত্তি হিসেবে ন্যায্যতার সাথে জড়িত ব্যক্তিদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠা করেছিল।

এছাড়াও সোশ্যাল মিডিয়া ও বৃহৎ প্রযুক্তি কোম্পানিগুলো লাইসেন্সবিহীন দোকানগুলোর প্রচারে সহায়তা করেছে এবং জেনেশুনে অবৈধ দোকানগুলোকে অনলাইনে বিজ্ঞাপন দেওয়ার অনুমতি দিয়েছে, একটি নিরাপদ ও ন্যায়সঙ্গত গাঁজা শিল্প গড়ে তোলার জন্য নিউ ইয়র্কের প্রচেষ্টাকে ব্যাহত করেছে। তার ঘোষণার অংশ হিসেবে, গভর্নর হোকল প্রযুক্তি কোম্পানিগুলোকে তাদের প্ল্যাটফর্মগুলোতে সম্ভাব্য বিপজ্জনক পণ্য বিক্রয় করে এমন লাইসেন্সবিহীন দোকানগুলোর প্রচার নিষিদ্ধ করার জন্য আহ্বান জানিয়েছেন।

গাঁজা ব্যবস্থাপনা অফিসের নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেন, "নিউ ইয়র্ক স্টেট গাঁজার নিরপেক্ষতার প্রতিশ্রুতিতে দেশকে নেতৃত্বে দেয়। আমরা যা গড়ে তুলছি তা রক্ষা করার জন্য, আমাদের নিশ্চিত করতে হবে যে আমাদের বৈধ ডিসপেনসারিগুলোর অবৈধ অপারেটরদের বিরুদ্ধে সাফল্য অর্জনের জন্য একটি সত্যিকারের সম্ভাবনা রয়েছে। আমি গভর্নর হোকল ও স্টেট জুড়ে আমাদের অংশীদারগণের এই অধিকার অর্জনে অবিচল প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাতে চাই। ঝুঁকি অনেক বেশি এবং সময় এসেছে এসব অবৈধ দোকান বন্ধ করা এবং প্রযুক্তি কোম্পানিগুলোকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসা।"

ক্যানাবিস প্লেসের প্রধান নির্বাহী আধিকারিক ওসবার্ট ওর্দুনা বলেন, "একসাথে আমরা একটি শক্তিশালী মেসেজ পাঠাতে পারি যে লাইসেন্সবিহীন গাঁজার দোকানগুলোর আমাদের কমিউনিটিগুলোতে কোনো স্থান নেই এবং আমরা আইনের শাসন বজায় রাখতে এবং সকল নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ও কল্যাণ রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। নিউ ইয়র্কের গাঁজার বাজারের অখণ্ডতা ও সাফল্য নিশ্চিত করতে আইনসভা, নিয়ন্ত্রক সংস্থা ও স্থানীয় সরকারগুলোর যৌথভাবে কাজ করা জরুরি। আমি সত্যিকারের সামাজিক ও অর্থনৈতিক সমতা সহ ভোক্তাদের জন্য একটি বৈধ, নিরাপদ, নিয়ন্ত্রিত বাজার গড়ে তুলতে তাদের সম্মিলিত প্রচেষ্টার জন্য অ্যাডভোকেটদের, আইন প্রণেতাদের, OCM ও গর্ভনরকে ধন্যবাদ জানাতে চাই।"

কনবাডের অংশীদার আলফ্রেডো অ্যাঙ্গুয়েরা বলেন, "অবৈধ গাঁজার বাজারের অর্থনৈতিক প্রভাব আমাদের আপস্টেট কৃষক ও বৈধ ডিসপেনসারিগুলোর বাইরেও প্রসারিত, যা আমাদের সকল নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের জীবন যাত্রার মানকে প্রভাবিত করে। হারানো করের

রাজস্ব থেকে শুরু করে বিনিয়োগের সুযোগ হ্রাস, অবৈধ অপারেটরদের উপস্থিতি বৈধ ডিসপেনসারিগুলো যে কমিউনিটিগুলোতে অবস্থিত তাদের জন্য প্রতিশ্রুতিবদ্ধ করের ডলারগুলো সরিয়ে দেয় এবং আমাদের কমিউনিটিগুলো থেকে মূল্যবান রিসোর্স গ্রহণ করে, বৃদ্ধি ও সমৃদ্ধিকে রোধ করে। অবৈধ গাঁজার বাজারের বিরুদ্ধে লড়াই আমাদের কমিউনিটি ও আমাদের অর্থনীতির ভবিষ্যতের জন্য লড়াই। অবৈধ অপারেটরদের নির্মূল করতে, স্থানীয় কৃষকদের সহায়তা করতে এবং দায়িত্বশীল নিয়ন্ত্রণের প্রচারের জন্য একসাথে কাজ করে আমরা আগামী প্রজন্মের জন্য একটি শক্তিশালী, নিরাপদ ও আরো ন্যায়সঙ্গত গাঁজা শিল্প তৈরি করতে পারি।"

ল্যাটিনো গাঁজা অ্যাসোসিয়েশনের ভাইস প্রেসিডেন্ট সান্দ্রা জ্যাকেজ বলেন, "আমাদের অ্যাসোসিয়েশন ভোক্তাদের সুরক্ষা, বৈধ ব্যবসা প্রতিষ্ঠানকে সহায়তা এবং আমাদের ক্রমবর্ধমান গাঁজা শিল্পের সততা বজায় রাখার জন্য এই অবৈধ কার্যক্রমগুলোর বিরুদ্ধে সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নর হোকলের প্রস্তাবকে সমর্থন করে এবং আমরা আইন প্রণেতাদেরও এই পরিকল্পনাটি সমর্থন করার জন্য আহ্বান জানাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন